




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন

এবং

মাননীয় সচিব, শিল্প মন্ত্রণালয়

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০১৯ - ৩০ জুন ২০২০

সূচীপত্র (Contents)

উপক্রমণিকা (Preamble).....	3
এসএমই ফাউন্ডেশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of SME Foundation).....	4
সেকশন-১	5
১.১ রূপকল্প (Vision):	5
১.২ অভিলক্ষ্য (Mission)	5
১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives).....	5
১.৪ প্রধান কার্যাবলি (Functions).....	5
সেকশন ২	6
এসএমই ফাউন্ডেশনের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact).....	6
সেকশন ৩	7
(কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ)	7
সংযোজনী-১	11
শব্দসংক্ষেপ	11
সংযোজনী ২	12
কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ	12
সংযোজনী ৩	14
অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ	14
সংযোজনী ৪	15
দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৯-২০	15
সংযোজনী-০৫	18
এপিএ (২০১৯-২০) এর কার্যক্রমের সাথে নির্বাচনী ইশতেহার ২০১৮/ এসডিজি/ জাতীয় শিল্পনীতির সংশ্লিষ্টতার বিবরণ	18

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন

এবং

সচিব, শিল্প মন্ত্রণালয়

এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়গণ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

এসএমই ফাউন্ডেশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of SME Foundation):

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

এসএমই উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি এবং নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন বিষয়ে মোট ৩৫৯টি প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করা হয় যার মাধ্যমে সারা দেশ থেকে ৮,৬৪৫ জন উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়। এসএমই পণ্যের প্রচার ও প্রসার কার্যক্রমের অংশ হিসেবে মোট ৩টি জাতীয় এস এম ই মেলা ও ৪৬টি আঞ্চলিক এস এম ই পণ্য মেলা আয়োজন করা হয়। উদ্যোক্তা-ব্যাংকার দূরত্ব লাঘব করা ও ভূগমূল পর্যায়ে উদ্যোক্তাদের মধ্যে এসএমই অর্থায়ন সম্প্রসারণের লক্ষ্যে বিভিন্ন জেলায় মোট ১৭টি এসএমই উদ্যোক্তা-ব্যাংকার ম্যাচমেকিং প্রোগ্রামের আয়োজন করা হয়। এসএমই উদ্যোক্তাদের জন্য ঢাকাসহ বিভিন্ন জেলায় ৮২টি অনলাইন ব্যবসা/ ই-কমার্স সম্পর্কিত প্রশিক্ষণ কার্যক্রম আয়োজন করা হয়েছে এবং উক্ত প্রশিক্ষণসমূহে ১,৮০৪ জন উদ্যোক্তা অংশগ্রহণ করে। প্রশিক্ষণ পরবর্তী সময়ে ০১টি ফলোআপ প্রোগ্রাম আয়োজন করা হয়েছে। শিল্পনীতি, রপ্তানি নীতি, আমদানি নীতি, পরিবেশ নীতি, পঞ্চবার্ষিক পরিকল্পনা ও জাতীয় বাজেটসহ বিভিন্ন জাতীয় নীতিমালায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের বিষয় অন্তর্ভুক্তির জন্য ১১৫টি সুপারিশমালা রাজস্ব বোর্ডে প্রেরণ করা হয়েছে যার মধ্যে ২২টি প্রস্তাব ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে। ফাউন্ডেশন বিজনেস সাপোর্ট সার্ভিস অনুবিভাগের এস এম ই অ্যাডভাইজরি সার্ভিস সেন্টারের মাধ্যমে ১,৭৩১ জন উদ্যোক্তাদের ব্যবসা সংক্রান্ত পরামর্শ ও তথ্য সহায়তা প্রদান করা হয়।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

ক্রমহ্রাসমান আয় থেকে উত্তরণ ঘটিয়ে অধিক Endowment Fund এর সংকুলান করা, জেলা পর্যায়ে কার্যক্রম সম্প্রসারণসহ প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি, উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন অন্যতম চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা

ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদেরকে এসএমই সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ, সহজ শর্তে সিঙ্গেল ডিজিট সুদে ঋণ প্রদানের ব্যবস্থাকরণ, উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের প্রচার ও প্রসারে বাজার সংযোগ স্থাপন, উদ্যোক্তাদের জন্য বিভিন্ন সেমিনার আয়োজনের মাধ্যমে সচেতনতা সৃষ্টি, এসএমই বিষয়ে গবেষণা প্রণয়নসহ বহুমুখী কার্যক্রম পরিচালনার মাধ্যমে প্রায় ৮,২৮২ জন উদ্যোক্তাকে সুবিধা প্রদান করা। জাতীয় বাজেট এর অর্থ বরাদ্দ নিয়মিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরিত ডিপিপি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।

২০১৯-২০২০ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- জাতীয় এসএমই মেলায় ৩১৫ জন উদ্যোক্তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণের মাধ্যমে তাঁদের উৎপাদিত পণ্যের প্রচার, প্রসার ও বাজার সম্প্রসারণ।
- আঞ্চলিক পর্যায়ে ২৫টি জেলায় এসএমই পণ্য মেলার আয়োজন।
- আন্তর্জাতিক পর্যায়ে ৫টি মেলায় উদ্যোক্তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণ।
- উদ্যোক্তাদের জন্য বিভিন্ন মেয়াদী প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনের মাধ্যমে ৫,৩৪০ জন উদ্যোক্তাকে সুবিধা প্রদান।
- ক্রেডিট হোলসেলিং প্রোগ্রামের আওতায় নতুন ৫টি সম্ভাবনাময় ক্লাস্টারসহ ২১০জন উদ্যোক্তাকে লোন সরবরাহের ব্যবস্থাকরণ যার মধ্যে ৫০জন হবেন নারী উদ্যোক্তা।